

“মুজিববর্ষের আহ্বান  
দক্ষ হয়ে বিদেশ যান”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
**ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

([www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd))

নম্বর- ৪৯.০৪.০০০০.২২১.১৮.০০৩.২০২০.(০৭)- ২৩৪

তারিখ: ২২/০১/২০২১খ্রিঃ।

**বিজ্ঞপ্তি**

**প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের “প্রতিবন্ধী ভাতা” প্রদানের জন্য দরখাস্ত আহ্বান**

মুজিববর্ষ উপলক্ষে প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের মধ্যে “প্রতিবন্ধী ভাতা” প্রদানের নিমিত্ত প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতা/অভিভাবকের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলী:**

- (১) যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ ভাতা প্রাপ্য হবে-
  - ক) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র / ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মেম্বরশীপ গ্রহণ করেছেন;
  - খ) প্রবাসে মৃত কর্মীর ক্ষেত্রে দূতাবাসের এনওসিতে বৈধতার উল্লেখ আছে অথবা ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড কর্তৃক আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।
- (২) একজন প্রবাসী কর্মীর সর্বোচ্চ ০২(দুই) জন প্রতিবন্ধী সন্তান এ ভাতা প্রাপ্য হবে; একাধিক সন্তানের ক্ষেত্রে পৃথক পৃথক আবেদন করতে হবে।
- (৩) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে-
  - ক) প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে আনুষঙ্গিক কাগজপত্রাদি (যেমন: বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র সম্বলিত পাসপোর্টের পৃষ্ঠা/স্মার্ট কার্ড অথবা ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মেম্বরশীপ গ্রহণের কপিসহ কর্মীর পাসপোর্টের ফটোকপি);
  - খ) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC;
  - গ) প্রতিবন্ধী সন্তানের ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
  - ঘ) সূর্য নাগরিক পরিচয়পত্রের সত্যায়িত কপি;
  - ঙ) পিতা/মাতা/অভিভাবকের ব্যাংক স্টেটমেন্টের কপি;
- (৪) মাসিক ১০০০/- (এক) হাজার টাকা হারে পাঁচ বছর মেয়াদের জন্য এ ভাতা প্রদান করা হবে এবং জানুয়ারী-২০২১ থেকে তা কার্যকর হবে;
- (৫) আবেদনপত্র ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয় অথবা ওয়েবসাইট ([www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)) / জেলা প্রশাসকের কার্যালয়ের প্রবাসী কল্যাণ শাখা / জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস / জেলা সমাজসেবা কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে;
- (৬) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ২৮ ফেব্রুয়ারী, ২০২১খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ৯ম তলা (ডেসপাস শাখা), প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকায় পৌঁছাতে হবে অথবা সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে জমা দেওয়া যাবে।
- (৭) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
- (৮) প্রতিবন্ধী ভাতা প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
- (৯) যে কোন তথ্যের জন্য প্রবাসবন্ধু কলসেন্টারে (ফোন: ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০২-৯৩৩৪৮৮৮) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(শোয়াহিব আহমাদ খান)

যুগ্মসচিব

পরিচালক (অর্থ ও কল্যাণ)

d.fw @wewb.gov.bd